

আপনার ফলোআপ অ্যাপয়েন্টমেন্ট বুক করার জন্য একটি নতুন পদ্ধতি

রোগীদের জন্য তথ্য ও পরামর্শ

বহির্বিভাগীয় রোগী

ফলোআপ অ্যাপয়েন্টমেন্ট বুক করার পদ্ধতি আমরা পরিবর্তন করছি যাতে ছয় সপ্তাহের বেশি সময় পরে আপনাকে আবার দেখার কথা থাকলে, তার কাছাকাছি সময়ে আমাদের সাথে যোগাযোগ করার জন্য আমরা আপনাকে আমন্ত্রণ জানাবো। এটি আপনাকে অ্যাপয়েন্টমেন্টের জন্য একটি সুবিধাজনক তারিখ ও সময়ের বিষয়ে সম্মত হতে সাহায্য করবে।

যদি আগামী ছয় সপ্তাহের মধ্যে আপনার ফলোআপ অ্যাপয়েন্টমেন্টের দরকার হয় তাহলে আপনি ক্লিনিক ছেড়ে যাওয়ার আগে আপনাকে আপনার অ্যাপয়েন্টমেন্ট দেয়া হবে।

যদি ছয় সপ্তাহ পরে আপনার অ্যাপয়েন্টমেন্টের দরকার হয় তাহলে আমরা আপনাকে চিঠি দেব এবং আপনার অ্যাপয়েন্টমেন্ট ঠিক করার জন্য আমাদের সাথে যোগাযোগ করতে বলবো।

আমার অ্যাপয়েন্টমেন্ট বুক করার জন্য আমাকে কী করতে হবে?

যদি ছয় সপ্তাহ পরে আপনার অ্যাপয়েন্টমেন্ট থাকে, তাহলে ট্রাস্ট থেকে আপনার চিঠি পাওয়ার পর অ্যাপয়েন্টমেন্টের তারিখ ও সময় নির্ধারণ করার জন্য, অথবা আপনার আর অ্যাপয়েন্টমেন্টের দরকার নেই তা আমাদেরকে জানানোর জন্য আপনি আমাদেরকে ফোন করতে হবে। চিঠিতে উল্লিখিত তারিখের **দুই সপ্তাহের মধ্যে** আপনাকে এটা করতে হবে।

আমাদের কাছে আপনার মোবাইল ফোন নম্বর থাকলে আমরা টেক্সট মেসেজের মাধ্যমে আপনাকে মনে করিয়ে দেব।

আমি হাসপাতালে ফোন না করলে কী হবে?

যদি আপনার অ্যাপয়েন্টমেন্টের ব্যবস্থা করার জন্য আপনি আমাদেরকে ফোন না করেন তাহলে আপনার চিকিৎসক আপনার পরিচর্যা পর্যালোচনা করবেন এবং আপনাকে ডিসচার্জ করে দিতে পারেন। এক্ষেত্রে বিষয়টি ব্যাখ্যা করে আপনাকে ও আপনার জিপিকে একটি চিঠি পাঠানো হবে।

ফলোআপ অ্যাপয়েন্টমেন্ট বুক করার জন্য ট্রাস্ট এই পদ্ধতি বাস্তবায়ন করছে কেন?

যখন অ্যাপয়েন্টমেন্টের প্রয়োজন হবে তার কাছাকাছি সময়ে অ্যাপয়েন্টমেন্ট বুক করার মাধ্যমে আমরা অ্যাপয়েন্টমেন্ট করাকে আপনার জন্য আরো সুবিধাজনক করতে চাই এবং অ্যাপয়েন্টমেন্ট পরিবর্তন বা বাতিল করার সংখ্যা কমাতে চাই।

আরো তথ্য

আপনার ফলোআপ অ্যাপয়েন্টমেন্ট বুক করা সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে অনুগ্রহ করে সোমবার থেকে শুক্রবার সকাল ৪টা থেকে রাত ৪টার মধ্যে, এবং শনিবার সকাল ৯টা থেকে বিকেল ৫টার মধ্যে 0121 507 4151 নম্বরে আমাদের কন্টাক্ট সেন্টারে যোগাযোগ করুন।

আমাদের হাসপাতাল ও পরিষেবাগুলো সম্পর্কে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট www.swbh.nhs.uk দেখুন অথবা আমাদেরকে টুইটারে @SWBHnhs ও ফেসবুকে www.facebook.com/SWBHnhs সাইটে অনুসরণ করুন।

আপনি এই লিফলেটে কোনো সংশোধনী বা উন্নতির বিষয়ে পরামর্শ দিতে চাইলে অনুগ্রহ করে যোগাযোগ বিভাগের সাথে যোগাযোগ করুন 0121 507 5420 নম্বরে, অথবা ইমেইল করুন: swb-tr.swbh-gm-patient-information@nhs.net

এই লিফলেটটি অন্যান্য ভাষাতেও পাওয়া যাচ্ছে।

লিফলেটটি আপনার পছন্দনীয় ভাষায় পড়ার জন্য অনুগ্রহ করে QR কোডটি স্ক্যান করুন।



The
Information
Standard

Certified member

This organisation has been certified
as a producer of reliable health and
social care information.

www.theinformationstandard.org

ইউনিভার্সিটি অব বার্মিংহামের একটি টিচিং ট্রাস্ট
এতে অন্তর্ভুক্ত আছে City, Sandwell ও Rowley Regis
Hospitals

© Sandwell and West Birmingham Hospitals NHS Trust

ML4028

ইস্যুর তারিখ: অগাস্ট 2015

পর্যালোচনার তারিখ: অগাস্ট 2018

পৃষ্ঠা 1